


# বোরো ধান চাষে দেশের বিভিন্ন কৃষি পরিবেশ অঞ্চলে ফলনমাত্রা অনুযায়ী সার সুপারিশ



## রচনা ও সম্পাদনায়

- ড. মো: রফিকুল ইসলাম, সিএসও এবং প্রধান  
ড. আমিনুল ইসলাম, সিএসও  
মো: নজরুল ইসলাম, এসএসও  
ড. এসএম মফিজুল ইসলাম, এসএসও  
ড. মাসুদা আক্তার, এসএসও

## প্রকাশনায়

মৃত্তিকা বিজ্ঞান বিভাগ  
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট  
গাজীপুর- ১৭০১



## ভূমিকা :

কাজিত ফলন ও টেকসই কৃষি উৎপাদন ব্যবস্থার জন্য সুষম সার ব্যবস্থাপনা অনস্বীকার্য। ধান গাছ তার স্বাভাবিক বৃদ্ধি ও জীবনচক্র সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় ১৬টি পুষ্টি উপাদানের মধ্যে ১৩টিই প্রত্যক্ষ বা পরোক্ষভাবে মাটি থেকে গ্রহণ করে থাকে। ফসলের প্রয়োজনের তুলনায় মাটিতে এদের ঘাটতি হলেই সারের মাধ্যমে প্রয়োগ করতে হয়। মাটির উর্বরতার মান, মৌসুম ও জাতভেদে সারের এ মাত্রা কম-বেশি হতে পারে। মাটির উর্বরতা মানের ভিন্নতার উপর ভিত্তি করে সমগ্র বাংলাদেশকে ৩০টি কৃষি পরিবেশ অঞ্চলে ভাগ করা হয়েছে। এ সমস্ত কৃষি পরিবেশ অঞ্চলে সার প্রয়োগের মাত্রাও ভিন্ন হয়ে থাকে। তাই প্রতিটি অঞ্চলের জন্য চাহিদামাফিক সার প্রয়োগ অত্যাাবশ্যিক। বিভিন্ন কৃষি পরিবেশ অঞ্চলে বোরো ধানের ফলনমাত্রা অনুযায়ী সারের সুপারিশমালা নিম্নে সারণী ১ ও ২ এ প্রদান করা হলো।

**সারণী ১. বোরো মৌসুমে  $9.5 \pm 0.95$  টন/হেক্টর ফলন প্রদানে সক্ষম ধানের জাতের জন্য সারের মাত্রা**

ব্রি ধান২৯, ৫৫, ৫৮, ৫৯, ৬৮, ৬৯, ৭৪, ৮৯, ৯২ ব্রি হাইব্রিড ধান১, ৩, ৫	
জেলার নাম (কৃষি পরিবেশ অঞ্চল)	ইউরিয়া-টিএসপি/ডিএপি- এমওপি- জিপসাম-দস্তা সার (কেজি/বিঘা)
ঠাকুরগাঁও, পঞ্চগড় এবং দিনাজপুরের বেশিরভাগ এলাকাসহ দিনাজপুর জেলার উত্তর-পশ্চিমাঞ্চল (১)	৫০-১৩-২৪-৯-১.৫
কুড়িগ্রাম, রংপুর, লালমনিরহাট, নীলফামারী ও গাইবান্ধা জেলার খাল ও নদী সংযোগকারী এবং তৎমধ্যবর্তী সরু এলাকা (২)	৫০-১৭-১৬-১১-১.৫
রংপুর জেলার অধিকাংশ এলাকা এবং পঞ্চগড়, দিনাজপুর, বগুড়া, জয়পুরহাট, নওগাঁ ও রাজশাহী জেলার আংশিক এলাকা (৩)	৫০-১৩-১৬-১১-১.৫
বগুড়ার পূর্ব অর্ধাংশ, সিরাজগঞ্জের অধিকাংশ ও পাবনা জেলার কিয়দংশ (৪)	৫০-১৩-২০-৯-১.০
নওগাঁ ও নাটোরের অধিকাংশ এবং রাজশাহী, বগুড়া ও সিরাজগঞ্জের কিছু অংশ (৫)	৪১-১৭-১৩-৯-১.০
নওগাঁর পশ্চিমাঞ্চল ও চাঁপাইনবাবগঞ্জের উওরাঞ্চল (৬)	৪১-১৩-১৩-৭-১.০
কুড়িগ্রাম, সিরাজগঞ্জ, গাইবান্ধা, বগুড়া, পাবনা ও মানিকগঞ্জ জেলার পূর্বাঞ্চল। ঢাকা, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ ও চাঁদপুরের কিছু অংশ (৭)	৪১-১৩-১৬-৯-১.০
শেরপুর, জামালপুর ও টাঙ্গাইলের পূর্বাঞ্চল, মানিকগঞ্জ, ঢাকা, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ ও গাজীপুর জেলার অংশবিশেষ এবং ময়মনসিংহ, কিশোরগঞ্জ ও নরসিংদী জেলার পুরাতন ব্রহ্মপুত্র চ্যানেল সংযোগকারী সরু এলাকা (৮)	৫০-১৭-১৩-১১-১.০
শেরপুর, জামালপুর, টাঙ্গাইল, ময়মনসিংহ, নেত্রকোনা, কিশোরগঞ্জ, নরসিংদী ও নারায়ণগঞ্জের ব্যাপক এলাকা এবং ঢাকা ও গাজীপুরের পূর্ব পাশের কিছু এলাকা (৯)	৫০-১৩-২০-৯-১.০

